

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শৃঙ্খলা বিষয়ক শাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৯৫.২৭.৭০.২০২৩.৭০০


তারিখ: ২২ শেখ ১৪৩০ বঙ্গাব্দ
২৭ ডিসেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব মো: নাছির উদ্দিন (ইনডেক্স নং-৩০৮৯৯৮২), প্রভাষক (পদার্থবিজ্ঞান), বাঞ্ছারামপুর সরকারি কলেজ, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া কর্মকালীন ২০২০ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা এর কেন্দ্রের পরীক্ষা পরিচালনা কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালনকালে ব্যবস্থাপনার ৬ষ্ঠ পত্রের ৩ (তিন) টি প্যাকেট ১২ অক্টোবর ২০২২ তারিখে সংশোধিত রুটিনের পরিবর্তে পূর্বের রুটিন অনুযায়ী বাঞ্ছারামপুর থানার মালখানা থেকে গ্রহণ করে বাঞ্ছারামপুর সরকারি কলেজ পরীক্ষা কেন্দ্রে নিয়ে যাওয়া ও ০১ (এক) টি প্যাকেট খোলার প্রেক্ষিতে কর্তব্যে অবহেলা এবং সরকারি নির্দেশনা প্রতিপালনে চরম উদাসীনতা প্রদর্শন করার অভিযোগ অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ব্রাহ্মণবাড়িয়া এর তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, আপনার উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, উপর্যুক্ত অপরাধে আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনার উপর “চাকরি হতে বরখাস্তকরণ” গুরুদণ্ড আরোপ করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না তা উক্ত বিধিমালার ৭(১)(খ) বিধি অনুযায়ী এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য বলা হলো। আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের ইচ্ছা পোষণ করেন কিনা তাও নির্ধারিত সময়ের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যে অভিযোগ বিবরণীর উপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণীত হয়েছে তা এ সাথে সংযুক্ত করা হলো।


(সোলেমান খান)
সচিব

সংযুক্তি: অভিযোগবিবরণী।

বর্তমান কর্মস্থল:

জনাব মো: নাছির উদ্দিন (ইনডেক্স নং-৩০৮৯৯৮২)
প্রভাষক (পদার্থবিজ্ঞান)
বাঞ্ছারামপুর সরকারি কলেজ, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া।

স্থায়ী ঠিকানা:

জনাব মো: নাছির উদ্দিন
পিতা: আক্তার মিয়া
গ্রাম: তাতুয়া কান্দি, ডাকঘর: মরিচা কান্দি
উপজেলা: বাঞ্ছারামপুর, জেলা: ব্রাহ্মণবাড়িয়া।


অনুলিপি:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

অভিযোগবিবরণী

জনাব মো: নাছির উদ্দিন (ইনডেক্স নং-৩০৮৯৯৮২), প্রভাষক (পদার্থবিজ্ঞান), বাঞ্ছারামপুর সরকারি কলেজ, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া কর্মকালীন ২০২০ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ৩য় বর্ষ পরীক্ষা এর কেন্দ্রের পরীক্ষা পরিচালনা কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালনকালে ব্যবস্থাপনার ৬ষ্ঠ পত্রের ৩ (তিন) টি প্যাকেট ১২ অক্টোবর ২০২২ তারিখে সংশোধিত রুটিনের পরিবর্তে পূর্বের রুটিন অনুযায়ী বাঞ্ছারামপুর থানার মালখানা থেকে গ্রহণ করে বাঞ্ছারামপুর সরকারি কলেজ পরীক্ষা কেন্দ্রে নিয়ে যাওয়া ও ০১ (এক) টি প্যাকেট খোলার প্রেক্ষিতে কর্তব্যে অবহেলা এবং সরকারি নির্দেশনা প্রতিপালনে চরম উদাসীনতা প্রদর্শন করার অভিযোগ অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ব্রাহ্মণবাড়িয়া এর তদন্তে প্রমাণিত হয়;

জনাব মো: নাছির উদ্দিন (ইনডেক্স নং-৩০৮৯৯৮২), প্রভাষক (পদার্থবিজ্ঞান), বাঞ্ছারামপুর সরকারি কলেজ, বাঞ্ছারামপুর, ব্রাহ্মণবাড়িয়া এর উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী “অসদাচরণ” এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ।


২৭/১২/২৩
(সোলেমান খান)
সচিব